



প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে 'র্যাগিং বিরোধী সচেতনতা ও কাউন্সিলিং' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২২ মার্চ ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে 'র্যাগিং বিরোধী সচেতনতা ও কাউন্সিলিং' বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ছাত্র পরামর্শ ও নির্দেশনা অফিসের আয়োজনে ২২ মার্চ ২০২৩ তারিখ সকাল ১০ টায় জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ কর্মশালার উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ে র্যাগিং সম্পূর্ণরূপে নিষিদ্ধ। র্যাগিংয়ের শিকার হলে সেটি তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবহিত করতে হবে। র্যাগিংয়ের সাথে জড়িত কাউকে ছাড় দেয়া হবে না। এ বিষয়ে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসন সর্বদা জিরো টলারেন্স নীতি অনুসরণ করে। উপাচার্য মহোদয় আরও বলেন, কাউন্সিলিং এবং মোটিভেশন যে কোন মানসিক চাপকে কমিয়ে দিতে সাহায্য করে। কাউন্সিলিং এবং মোটিভেশনের মাধ্যমে শিক্ষার্থীদের যে কোন সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় প্রশাসন সচেষ্ট রয়েছে। এসময় উপাচার্য মহোদয় বরিশাল বিশ্ববিদ্যালয়কে র্যাগিং মুক্ত বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তুলতে শিক্ষার্থীসহ সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। স্বাগত বক্তব্য রাখেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা অফিসের পরিচালক ড. তারেক মাহমুদ আবীর। কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাইকোলজি বিভাগের সহযোগী অধ্যাপক তানজীর আহমেদ তুষার। ছাত্র পরামর্শ ও নির্দেশনা অফিসের সেকশন অফিসার সাইফা আলমের সঞ্চালনায় দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৫টি বিভাগের ১০০ জন জ্যেষ্ঠ শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস